যুগান্তর

2 FEB 2017
2 ... 6

# এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু আজ

## প্রশ্ন ফাঁস রোধে কেন্দ্রে স্মার্টফোন নিষিদ্ধ

যুগান্তর রিপোর্ট

এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে আজ। প্রথম দিন সকাল ১০টায় এসএসসিতে বাংলা প্রথম পত্রের পরীক্ষা নেয়া হচ্ছে। মাদ্রাসা বোর্ডে কুরআন মাজিদ ও তাজবিদ এবং এসএসসি ভোকেনালে বাংলা-২ বিষয়ের 'পরীক্ষা হচ্ছে। সব মিলিয়ে এবার ১৭ লাখ ৮৬ হাজার ৬১৩ জন শিক্ষার্থী এসব পরীক্ষায় অংশ নিচ্ছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ আজ সকালে গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল কেন্দ্রে পরীক্ষা পরিদর্শনে যাবেন। পরীক্ষা উপলক্ষে তিনি মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ে ব্রিফিংকালে বলেন, সম্পূর্ণ নকলমুক্ত ও সুষ্ঠু পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রশ্ন ফাঁস রোধে পরীক্ষার কেন্দ্রে স্মার্টফোন নিষিদ্ধ করা হয়েছে। কেন্দ্রপ্রধান ছাড়া পরীক্ষার হলে কোনো ধরনের ফোন নিয়ে যেতে পারবেন না। কেন্দ্রপ্রধান শুধু যোগাযোগের জন্য ক্যামেরাবিহীন মোবাইল ফোন সঙ্গে রাখতে পারবেন। এসএসসি পরীক্ষার খাতা মূল্যায়ন সর্বোচ্চ নিখুঁত করতে পরীক্ষকদের নম্বর প্রদান নির্দেশিকা এবং মডেল-উত্তর দেয়া হবে। এ ছাড়া পরীক্ষার খাতা বিতরণকালে প্রত্যেক পরীক্ষককে সংক্ষিপ্ত প্রশিক্ষণ দেয়া হবে। ২৮ হাজার ৩৪৪টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এবার পরীক্ষা দিচ্ছে।